গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর : ২৬৩

## রাজশাহীতে জাতীয় আইনগত সহায়তা দিবস উদ্‌যাপন

রাজশাহী; ১৫ বৈশাখ (২৮ এপ্রিল):

আজ মঙ্গলবার (২৮ এপ্রিল) জাতীয় আইনগত সহায়তা দিবস। সারা দেশের ন্যায় রাজশাহীতেও নানা কর্মসূচির মধ্য দিয়ে দিবসটি উদ্‌যাপিত হয়েছে। দিবসটির এবারের প্রতিপাদ্য- 'সরকারি খরচে বিরোধ শেষ, সবার আগে বাংলাদেশ'।

এ উপলক্ষ্যে সকাল আটটায় রাজশাহী জেলা ও দায়রা জজ আদালত চত্বরে বেলুন-ফেস্টুন উড়িয়ে দিবসটির উদ্বোধন করেন জেলা লিগ্যাল এইড কমিটির চেয়ারম্যান এবং সিনিয়র জেলা ও দায়রা জজ এ. এইচ. এম. মাহমুদুর রহমান। পরে সেখান থেকে এক বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। র‍্যালিটি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর প্রদক্ষিণ করে জেলা ও দায়রা জজ আদালত চত্বরে গিয়ে শেষ হয়। র‍্যালি শেষে একই স্থানে জেলা লিগ্যাল এইড কমিটি আয়োজিত স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি ও লিগ্যাল এইড মেলার উদ্বোধন করেন তিনি। সকাল নয়টায় চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সিনিয়র জেলা ও দায়রা জজ এ. এইচ. এম. মাহমুদুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি হিসেবে বিভাগীয় কমিশনার ড. আ.ন.ম বজলুর রশীদ, রাজশাহী রেঞ্জের ডিআইজি মোহাম্মদ শাহজাহান, মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনালের বিচারক শেখ নাজমুল ইসলাম, চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মো. আব্দুল মালেক, চিফ ম্যাট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মাসুদুল হকসহ জেলা লিগ্যাল এইড কমিটির সদস্যবৃন্দ বক্তৃতা করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা লিগ্যাল এইড অফিসার মো. শরিফুল ইসলাম খান।

সভাপতির বক্তৃতায় সিনিয়র জেলা ও দায়রা জজ বলেন, গত এক বছরে লিগ্যাল এইডের আওতায় বিকল্প বিরোধ নিষ্পত্তির মাধ্যমে প্রায় ১ কোটি ১২ লাখ টাকা আদায় করে অসহায়, গরীব ও নিঃস্ব বিচার প্রার্থীদের বুঝিয়ে দেওয়া হয়েছে, যা আমাদের অনেক বড় অর্জন। এ সময় তিনি লিগ্যাল এইড সেবার জন্য প্রদত্ত সরকারি খরচকে অপ্রতুল উল্লেখ করে যে সব আইনজীবী এ সেবা দিয়ে যাচ্ছেন তাদেরকে ধন্যবাদ জানান এবং এটা অব্যাহত রাখার জন্য তাদের প্রতি আহ্বান জানান।

বিভাগীয় কমিশনার বলেন, রাষ্ট্রের অনেক গুরুত্বপূর্ণ কাজের মধ্যে লিগ্যাল এইড একটি। পারোতো পক্ষে কেউ পুলিশের কাছে এবং কোর্টে যেতে চায় না। মানুষের একটা ভুল ধারণা আছে যে, পুলিশ বা আইনজীবীদের কাছে গেলে মামলাটা দীর্ঘায়িত হবে, ন্যায় বিচার পাবো না। এই অনাস্থা দূর করতে হবে।

অনুষ্ঠানে বিচারকবৃন্দ, আইনজীবী, বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, এনজিও প্রতিনিধি, উপকারভোগী এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে সেরা প্যানেল আইনজীবীদের হাতে ক্রেস্ট ও চেক তুলে দেওয়া হয়।

উল্লেখ্য যে, রাজশাহী জেলা লিগ্যাল এইড অফিসে ২০২৫ পঞ্জিকাবর্ষে প্রাপ্ত ৭০১টি বিকল্প বিরোধ নিষ্পত্তির আবেদনের মধ্যে ৬২১টি নিষ্পত্তি করা হয়েছে। এর মাধ্যমে ১ কোটি ১১ লাখ ৮৬ হাজার ১১৬ টাকা আদায় করে বিচারপ্রার্থীদের অনুকূলে বুঝিয়ে দেওয়া হয়েছে। এসময় মোট ১ হাজার ৯১৯ জনকে আইনগত পরামর্শ প্রদান করা হয়েছে। উক্ত সময়ে মামলা হয়েছে ১ হাজার ৩৫টি এবং নিষ্পত্তিকৃত মামলা সংখ্যা ৩৫৪টি।

-------------------------------------------

রুহুল/তৌহিদ/আতিক/আলীম/হালিম/২০২৬/১৪.০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd